



পক্ষী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf-bd.org

পিকেএসএফ-এর ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	: ড. এ.কে.এম নুরজামান
সভার তারিখ	: ২২ জানুয়ারি ২০১৭
সময়	: বিকাল ০৩.৩০ ঘটিকা
সভার স্থান	: সভাকক্ষ (কক্ষ নম্বর-৫১০), পিকেএসএফ ভবন, ঢাকা-১২০৭

সভায় ইনোভেশন টিমের সকল সদস্য উপস্থিত ছিলেন। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতেই বিগত সভার কার্যবিবরণী নিয়ে আলোচনা করা হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। গত ০৪/০১/২০১৭ তারিখে বাংলাদেশ ইনসিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)-এ অনুষ্ঠিত উজ্জ্বাল বিষয়ক কর্মশালায় নিম্নস্বাক্ষরকারী এবং জনাব মোঃ তারিকুল আলম, ব্যবস্থাপক (আইটি) অংশগ্রহণ করেন। উক্ত কর্মশালার আলোচ্য বিষয়ে টিমের অন্যান্য সদস্যদের সাথে তাঁরা মতবিনিময় করেন। এছাড়াও ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও দণ্ডন/সংস্থার ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে বিগত ১১/১২/২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনাতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহিত হয়:

ক্র. নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত
১.	পিকেএসএফ কর্তৃক মনোনীত ইনোভেশন টিমের সদস্যদের প্রতিমাসের মাসিক কার্যবিবরণী তৈরি করা এবং তা চিফ ইনোভেশন অফিসার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করা।	- ইনোভেশন টিমের সদস্যদের প্রতিমাসে সভার কার্যবিবরণী তৈরি করা হয় এবং উক্ত কার্যবিবরণী চিফ ইনোভেশন অফিসার ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।
২.	পিকেএসএফ কর্তৃক মনোনীত ইনোভেশন টিমের সদস্যদের প্রতিমিয়ত বিভিন্ন সভায় অংশগ্রহণের নিমিত্ত মনোনীত কর্মকর্তার নাম ও সভার আলোচ্য বিষয় উজ্জ্বাল বিষয়ক ফাইলে সংরক্ষণের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।	- বিভিন্ন সভায় অংশগ্রহণের জন্য মনোনীত কর্মকর্তার নাম ও সভার আলোচ্য বিষয় উজ্জ্বাল বিষয়ক ফাইলে সংরক্ষণের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করার বিষয়ে সকল সদস্যগণকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(ড. এ.কে.এম নুরজামান)
উপ-মহাব্যবস্থাপক (কার্যক্রম)

ও
ইনোভেশন অফিসার

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। ব্যবস্থাপনা পরিচালক
- ২। উপ-ব্যবস্থাপনা পরিচালক (সকল)
- ৩। চিফ ইনোভেশন অফিসার, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
- ৪। পিকেএসএফ-এর ইনোভেশন টিমের সকল সদস্য
- ৫। নথি